



## আমার মা'র জন্য দোয়া করবেন: তারেক রহমান



সংগৃহীত ছবি

সদ্যপ্রয়াত বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার জন্য দেশবাসীর কাছে দোয়া চেয়েছেন তাঁর ছেলে ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

মঙ্গলবার (৩০ ডিসেম্বর) দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তিনি লেখেন, “আপনারা সবাই আমার মা'র জন্য দোয়া করবেন। তাঁর প্রতি দেশবাসীর আবেগ, ভালোবাসা ও বৈশ্বিক শ্রদ্ধায় আমি ও আমার পরিবার চিরকৃতজ্ঞ।”

পোস্টে তারেক রহমান বলেন, সর্বশক্তিমান আল্লাহর ডাকে সাড়া দিয়ে তাঁর মা আমাদের ছেড়ে চলে গেছেন (ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন)। তিনি উল্লেখ করেন, বেগম খালেদা জিয়া অনেকের কাছে ছিলেন আপোষহীন নেত্রী ও গণতন্ত্রের প্রতীক, আবার পরিবারের কাছে ছিলেন একজন মমতাময়ী মা।

তারেক রহমান আরও লেখেন, খালেদা জিয়া তাঁর সমগ্র জীবন উৎসর্গ করেছিলেন দেশ ও মানুষের কল্যাণে। স্বৈরাচার ও নিপীড়নের বিরুদ্ধে সংগ্রামে তিনি কখনো আপোষ করেননি। কঠিন সময়েও তাঁর সাহস, ত্যাগ ও ভালোবাসা পরিবারকে শক্তি ও প্রেরণা জুগিয়েছে।

তিনি বলেন, দেশের জন্য সংগ্রাম করতে গিয়ে তিনি সীমাহীন ত্যাগ স্বীকার করেছেন। দেশ ও দেশের মানুষই ছিল তাঁর বড় পরিবার। জনসেবা ও গণতান্ত্রিক আন্দোলনে তাঁর অবদান বাংলাদেশের ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে।

উল্লেখ্য, সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া মঙ্গলবার ভোর ৬টায় রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন।